

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-২ অধিশাখা।  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.১৭১.০২২.০৪.০০.০৮৭.২০১৩- ৭৭

২৪ মার্চ, ২০১৪ খ্রিস্টাব্দ  
তারিখঃ-----  
২০ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ

বিষয়ঃ বহির্বিধি বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে প্রেষণে কর্মরত কর্মকর্তাদের প্রেষণে কর্মরত থাকাকালীন অনুপস্থিতিতে পদোন্নতি কার্যকরকরণ।


অন্য কোন আদেশ/নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন বিসিএস (পন্নরট্র) ক্যাডার ব্যতীত বহির্বিধি বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে প্রেষণে কর্মরত কর্মকর্তাদের প্রেষণে কর্মরত অবস্থায় অনুপস্থিতকালীন পদোন্নতি কার্যকর করা সংক্রান্ত জটিলতা নিরসনকল্পে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিলঃ

- (১) বহির্বিধি বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে প্রেষণে কর্মরত কর্মকর্তাগণকে পদোন্নতি প্রদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদোন্নতি/ বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে প্রেষণে কর্মরত অবস্থায় পদোন্নতির আদেশ জারি করা যাইবে;
- (২) বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে নিয়োজিত কর্মকর্তাগণ উচ্চ পদে পদোন্নতি প্রাপ্তির পর তাঁহারা যতদিন পর্যন্ত প্রেষণ পদে কর্মরত থাকিবেন ততদিন পর্যন্ত উক্ত পদের বেতনকেল উন্নীত করিয়া নিম্নোক্ত শর্তে তাঁহাদের পদোন্নতি কার্যকর করা যাইবে :
  - (ক) পদোন্নতির আদেশ জারির সঙ্গে সঙ্গে প্রেষণ পদটির বেতনকেল উন্নীত করিয়া প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ আদেশ জারি করিবে। এই আদেশ জারির জন্য অর্থ বিভাগের সম্মতি গ্রহণের প্রয়োজন হইবে না;
  - (খ) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা প্রেষণরত থাকা অবস্থায় উন্নীত পদে যোগদান করিয়া যোগদানপত্র উক্ত প্রেষণ পদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করিবে;
  - (গ) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা উন্নীত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন-ভাতা প্রাপ্য হইবেন। তবে বৈদেশিক ভাতা এবং Entertainment Allowance এর ক্ষেত্রে সংশ্লিষ্ট দূতাবাস/মিশনের মূল পদের নির্ধারিত হার প্রযোজ্য হইবে;

- (ঘ) উচ্চ পদে পদোন্নতি প্রাপ্তির পর সরকার যতদিন সংশ্লিষ্ট দূতাবাস/মিশনের পদে তাঁহাকে রাখা প্রয়োজন বলিয়া বিবেচনা করিবে, কেবল ততদিন তিনি উক্ত পদে বহাল থাকিতে পারিবেন;
- (ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তার বদলি বা অন্য কোন কারণে দূতাবাস/মিশনের পদটি শূন্য হওয়ার সাথে সাথে উক্ত পদের বেতনস্কেল পূর্বাবস্থায় ফিরিয়া যাইবে।

০২। অর্থ বিভাগের ১৮/০৬/২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩১.০০০৭.১৩-১৪৭ ও ১৯/০৫/২০১৩ তারিখের অম/অবি/ব্যনি-২/বিবিধ-২/২০০৭/১২৫ সংখ্যক স্মারকের আলোকে জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

  
(ড. কামাল আবদুল মাসের চৌধুরী)  
সচিব

**বিতরণ:**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব

- সকল মন্ত্রণালয়/বিভাগ।  
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)।
- ৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
  - ৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলানগর, ঢাকা।
  - ৫। মহা-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
  - ৬। অতিরিক্ত সচিব, -----সকল/ যুগ্মসচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
  - ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসনমন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।